

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

পত্র নং : ৩৩.০২.১২০৭.৫০১.৪৯.০০১.১৮-১০

তারিখ : ০১/০২/২০২৪ খ্রি.

বিষয়ঃ লক্ষীমুড়া উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন তফসিল ঘোষণা প্রসঙ্গে।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং- ০৫.৪২.১২০৭.০০০.২৬.০০১.২২.১১

তারিখ: ০৮/০১/২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্র অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীকে লক্ষীমুড়া উচ্চ বিদ্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর ম্যানেজিং কমিটি নির্বাচন পরিচালনার জন্য প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। নির্বাচনী প্রবিধান ২০০৯ এর ধারা ১৫ (২) অনুসরণ করে নিয়ে বর্ণিত ছক মোতাবেক নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো। ঘোষিত তফসিল ব্যাপক প্রচার এবং তফসিলে বর্ণিত কর্মসূচিসমূহ যথাযথভাবে আয়োজনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

নির্বাচনী তফসিল

ক্রম	বিষয়	তারিখ	বার	মন্তব্য
১.	ভোটার তালিকা প্রকাশ	০৮.০২.২০২৪ খ্রি.	বৃহস্পতিবার	বিদ্যালয় এর অফিস কক্ষ হতে (অফিস চলাকালীন)
২.	মনোনয়নপত্র আহ্বান ও জমা	১১.০২.২৪ খ্রি. হতে ১৪.০২.২৪ খ্রি.	রবিবার হতে বুধবার	বিদ্যালয় এর অফিস কক্ষ হতে (অফিস চলাকালীন)
৩.	মনোনয়নপত্র বাছাই	১৫.০২.২৪ খ্রি.	বৃহস্পতিবার	বিদ্যালয় এর অফিস কক্ষ (বেলা ১১.০০ ঘটিকা)
৪.	মনোনয়নপত্র বাছাই এর ফল প্রকাশ	১৫.০২.২৪ খ্রি.	বৃহস্পতিবার	বিদ্যালয় এর অফিস কক্ষ (বেলা ৩.০০ ঘটিকা)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহার	১৮.০২.২৪ খ্রি.	রবিবার	প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রার্থী ব্যক্তিগত হাজিরার মাধ্যমে জমা দান (অফিস চলাকালীন)
৬.	চূড়ান্ত বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ	২২.০২.২৪ খ্রি.	বৃহস্পতিবার	বিদ্যালয় এর নোটিশ বোর্ড
৭.	নির্বাচনের তারিখ	২৯.০২.২৪ খ্রি.	বৃহস্পতিবার	নির্ধারিত তারিখে বিদ্যালয় এর অফিস প্রাঙ্গণ। সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে।

**বিশেষ দৃষ্টব্যঃ** উল্লেখ্য যে, ভোটার তালিকাসহ অন্য কোনো কারণে নির্বাচন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে। প্রার্থী অথবা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) মনোনয়নপত্র বাছাই করা হবে। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। মনোনয়ন ফরম বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা আদায় করে মনোনয়ন ফরম সরবরাহ করার জন্য বলা হলো।

**গুরুত্বপূর্ণ নির্বাচনী আচরণবিধিঃ** ম্যানেজিং কমিটির কোনো সদস্য পদে নির্বাচনী প্রচারণায় কোনোরূপ মিছিল, জনসভা, অভিভাবক সমাবেশ, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাই-সাইকেল বা মটর সাইকেল কিংবা গাড়িবহর ব্যবহার করা যাবে না। নির্বাচনী প্রচারণায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি x ৮.৫ ইঞ্চি সাদা-কালো লিফলেট প্রকাশ ব্যতিত অন্য কোনো খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোনো নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

ফাহিমুল আরেফীন  
উপজেলা মৎস্য অফিসার

প্রিজাইডিং অফিসার  
লক্ষীমুড়া উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

প্রধান শিক্ষক  
লক্ষীমুড়া উচ্চ বিদ্যালয়  
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

পত্র নং : ৩৩.০২.১২০৭.৫০১.৪৯.০০১.১৮-১০/১(৪)

তারিখ : ০১/০২/২০২৪ খ্রি

জ্ঞাতার্থে / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। অফিস কপি।

উপজেলা মৎস্য অফিসার

প্রিজাইডিং অফিসার  
লক্ষীমুড়া উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন